"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
E-mail: dwa.vgd@gmail.com

স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.০২.২২৭.২৩- ২৭৫ তারিখ: ৩১ /০৮/২০২৩ খ্রি:

বিষয়: **২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ খ্রি: পর্যন্ত ০৬ (ছয়) মাসের খাদ্য ও খাদ্যের পরিবহণ ব্যয় বরাদ্দ আদেশ প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নং-৩২.০০.০০০০.০২৩.২০.০২৭.২৩.৩১১ তারিখ: ৩০/০৮/২০২৩ খ্রি: মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট কোড ১২০০০১৯০২-৩৭-৩৭২২১০১ হতে ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের ২০২৩-২০২৪ চক্রের জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ খ্রি: পর্যন্ত ০৬ (ছয়) মাসের খাদ্য এবং বাজেট কোড ১২০০০১৯০২-৩২-৩২২১১০৬ হতে খাদ্যের পরিবহণ ব্যয়ের সরকারী বরাদ্দ আদেশ (Allotment Order) সংশ্লিষ্ট জেলাধীন উপজেলায় নিম্নবর্ণিত ছক ও শর্তাবলী অনুযায়ী জারী করা হলো।

| জেলার নাম | উপজেলার নাম | ইউপি সংখ্যা | উপজেলায় কার্ড সংখ্যা | ৩০ কেজি হারে ০৬ (ছয়) মাসের খাদ্য (মে: টন হিসাবে) | ০৬ (ছয়) মাসের পরিবহণ ব্যয় (টাকায়) |
|---|---|---|---|---|---|
| জামালপুর | বকশীগঞ্জ | ৭ | ২,৮৯৪ | ৫২০.৯২ | ৩৯০৬৯০.০০ |
| | দেওয়ানগঞ্জ | ৮ | ৩,৪৩৫ | ৬১৮.৩০ | ০.০০ |
| | ইসলামপুর | ১২ | ৩,৫২৩ | ৬৩৪.১৪ | ০.০০ |
| | সদর | ১৫ | ২, ৪৩৩ | ৪৩৭.৯৪ | ০.০০ |
| | মাদারগঞ্জ | ৭ | ৩,১৪৩ | ৫৬৫.৭৪ | ৪২৪৩০৫.০০ |
| | মেলান্দহ | ১১ | ৩,১৪৩ | ৫৬৫.৭৪ | ৪২৪৩০৫.০০ |
| | সরিষাবাড়ী | ৮ | ২,৪৫০ | ৪৪১.০০ | ৩৩০৭৫০.০০ |

**অনুসরণীয় নিয়মাবলী:**

১। এ বরাদ্দ আদেশের মেয়াদকাল ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত।

২। প্রত্যেক ভিডব্লিউবি মহিলাকে ৩০ কেজি প্যাকেটজাত চাল প্রতি মাসে বিতরণ নিশ্চিত করতে হবে। তবে ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই, ২০২৩ হতে মাঠ পর্যায়ে খাদ্য বরাদ্দ আদেশ (Allotment Order) জারী করতে বিলম্ব হওয়ার প্রেক্ষিতে জুলাই, ২০২৩ - সেপ্টেম্বর, ২০২৩ এই ০৩(তিন) মাসের খাদ্য সেপ্টেম্বর, ২০২৩ মাসের মধ্যে উত্তোলনপূর্বক ০৩টি ভিন্ন ভিন্ন তারিখে বিতরণ নিশ্চিত করতে হবে।

৩। প্রত্যেক মাসের বরাদ্দকৃত খাদ্য উক্ত মাসের মধ্যে উত্তোলন ও বিতরণ করতে হবে এবং বিতরণকৃত খাদ্যের রিপোর্ট পরবর্তী মাসের ১৫ (পনেরো) তারিখের মধ্যে ভিডব্লিউবি শাখা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। বরাদ্দকৃত চাল ও পরিবহণ ব্যয়ের যথাযথ হিসাব ভবিষ্যৎ নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।

৪। আগামী ১৫ জুলাই/২০২৪ এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের পরিবহণ ব্যয়ের প্রকৃত হিসাব জেলা/উপজেলার হিসাবরক্ষণ কমকর্তার প্রত্যয়ণসহ সদর কার্যালয়, ভিডব্লিউবি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫। সমতলএলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মে: টন চালের জন্য ০১-১০ কি:মি: পর্যন্ত ৬০০/- টাকা, ১১-২০ কি:মি: পর্যন্ত ৭০০/- টাকা এবং ২১ কি: মি: ও তদুর্ধ্ব ৭৫০/- টাকা;

- হাওড় এলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মে: টন চালের জন্য ০১-১০ কি:মি: পর্যন্ত ৭৫০/- টাকা, ১১-২০ কি:মি: পর্যন্ত ৮৫০/- টাকা এবং ২১ কি: মি: ও তদুর্ধ্ব ৯৫০/-টাকা;
- পাহাড়ী এলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মে: টন চালের জন্য ০১-১০ কি:মি: পর্যন্ত ৮৫০/- টাকা, ১১-২০ কি:মি: পর্যন্ত ৯০০/-টাকা এবং ২১ কি: মি: ও তদুর্ধ্ব ১০০০/- টাকা হারে পরিবহন ব্যয় হিসাবে নির্বাহ করতে হবে।

৬। স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.০২.০২০.২৩-২৭৫ তারিখ: ৩১/০৮/২০২৩ এর মাধ্যমে প্রেরিত পত্রানুযায়ী যে সকল উপজেলায় রাইস ফর্টিফিকেশন কার্যক্রম চালু রয়েছে সে সকল উপজেলায় কার্নেল সরবরাহ নিশ্চিত থাকা সাপেক্ষ সংশ্লিষ্ট চুক্তিবদ্ধ রাইস মিলারের অনুকূলে ভিডব্লিউবি খাদ্যের ডিও জারী করতে হবে।

৭। পরিবহন ব্যয় প্রদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-২৪০-আইন/২০২১/১৬৩-মূসক তারিখ: ২৯/০৬/২০২১ খ্রি: মোতাবেক পরিবহন ভাড়া প্রদানকারী হিসেবে ১৫% হরে ভ্যাট কর্তন করতে হবে।

৮। পুষ্টিচাল কার্যক্রমভুক্ত কোন উপজেলায় কার্নেল স্বল্পতা কিংবা অন্য কোন বিশেষ কারণে সাধারন চাল প্রদান করা হলে উক্ত উপজেলায় চেয়ারম্যান এর অনুকূলে পরিবহন ব্যয় বরাদ্দ প্রদানের নিমিত্ত সদর কার্যালয়ে মাসের নাম উল্লেখপূর্বক পত্র মারফত অবহিত করতে হবে।

৯। অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিয়মের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। পরিবহন ব্যয় নির্ধারণের ক্ষেত্রে এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

৩১/০৮/২০২৩
(মনোয়ারা ইশরাত)
পরিচালক (যুগ্মসচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৫৮৩১০৬২৯

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা: ............., জেলা: ..........

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। বিভাগীয় খাদ্য নিয়ন্ত্রক, .................
৬। জেলা প্রশাসক, জেলা, .................
৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা, .................
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা, .................
৯। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা, .................
১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা, ................. জেলা, .................
১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা, ................. জেলা, .................
১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা, ................. জেলা, .................
১৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।